◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

NEED 24 NEWS
हर ख़बर, हर शहर

নীড 24 নিউজ

প্রতিটি খবর, প্রতিটি শহর

◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

DIGITAL E-PAPER

PRGI APPLICATION UNDER PROCESS
Application No. T/GJ/2026/0619/2304/1577

GST
GSTIN 24CINPG0564Q1ZT

UDYAM REGISTERED
UDYAM-GJ-14-0003714

◆ DIGITAL NEWS NETWORK ◆
ভারতের বিশ্বস্ত বহুভাষিক ডিজিটাল নিউজ নেটওয়ার্ক
11+ Languages | 24×7 Live | e-Paper Daily

আমাদের App ডাউনলোড করুন
Download on the App Store
GET IT ON Google Play

www.need24.digital
info@need24.in
+91 98700 06472
FOLLOW US:

তেজ় | সটীক | নিষ্পক্ষ | জনহিত में | सच की आवाज़ | जन-जन की आवाज़ | निडर पत्रकारिता

TRIPURA | নীড 24 নিউজ · প্রতিটি খবর, প্রতিটি শহর | 22 November 2026

বৈচি কোচমালি গ্রামে জাতীয় সড়কে



পাঁ ড়ুয়া থানার অন্তর্গত বৈচি কোচমালি গ্রামে জিটি রোডের উপর একটি ব্যক্তিগত গাড়ির সাথে একটি বালি বোঝাই লরির মুখোমুখি সংঘর্ষ হয় রাত সাড়ে আটটা নাগাত। ব্যক্তিগত চারচাকা গাড়িটির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হওয়ায় অনুমান করা যাচ্ছে যে কজন গাড়িতে উপস্থিত ছিল তাদের মধ্যে 2 জনার অবস্থা আশঙ্কা জনক। আর বাকি দুজন সম্ভবত মৃত বলে মনে হচ্ছে।আশঙ্কা জনক অবস্থায় তাদের হাসপাতালে নিয়েযাওয়া হয়।এলাকার মানুষজনের দাবি ওই স্থানে অনেকদিনধরে লোকাল থানায় 2 জন সিভিক পুলিশের আবেদন জানানো হয়েছে।কিন্তু আজও এখনও পর্যন্ত সিভিক সেখানে মোতায়েন নেই।পুলিশ এসে উপস্থিত হলে এলাকার মানুষজন তাদের ওপর ক্ষিপ্ত হয়ে ওঠে।কিন্তু অবশেষে মাননীয় বিধায়ক শ্রী তুষার কান্তি মজুমদার এসে উপস্থিত হন । তিনি দায়িত্ব নিয়ে রাস্তা ফাঁকা করে অন্যান্য গারি পাসের ব্যবস্থা করে দিয়েছে।

— Partha Chatterjee

ব্রেক ফেল করে ভাগীরথীতে গড়িয়ে পড়ল টোটো! স্নান করতে এসে টোটোর ধাক্কায় মৃত্যু মহিলার, শোকের ছায়া রঘুনাথগঞ্জে

ব্রেক ফেল করে ভাগীরথীতে গড়িয়ে পড়ল টোটো! স্নান করতে এসে টোটোর ধাক্কায় মৃত্যু মহিলার, শোকের ছায়া রঘুনাথগঞ্জে রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ: শনিবার সকালে মর্মান্তিক পথ দুর্ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়াল মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ সদর ঘাট এলাকায়। যাত্রী নামানোর পর দাঁড় করানোর সময় আচমকাই ব্রেক

— BALAI PRAMANIK

পুরুলিয়া হেঁসলা গ্রামে ধান ক্রয়ে ওজন কারচুপি ধরা পড়ে, কৃষকরা ক্ষতিপূরণের দাবি

ধান ক্রয় করার সময় হেঁসলা গ্রামে ওজনের কারচুপি ধরা পড়ে। আড়সা থানার কর্মকর্তারা অভিযোগের ভিত্তিতে তদন্ত করে ব্যবসায়ীর ওজন মাপার যন্ত্রে হেরফের পাওয়া যায়। ধরা পড়া ব্যবসায়ীর সঙ্গে আড়সা থানার কর্মকর্তারা এবং স্থানীয় কৃষক প্রতিনিধিরা বৈঠক করেন। বৈঠকে কৃষকরা উল্লেখ করেন যে, ওজনের কমিয়ে দেওয়ার

— Soumitra Paul

পুকুর থেকে উদ্ধার দুই মাসের শিশুর নিথর দেহ, চাঞ্চল্যকর মোড়! নিজের সন্তানকে খুনের অভিযোগে গ্রেফতার মা



পুকুর থেকে উদ্ধার দুই মাসের শিশুর নিথর দেহ, চাঞ্চল্যকর মোড়! নিজের সন্তানকে খুনের অভিযোগে গ্রেফতার মা

লালগোলা, মুর্শিদাবাদ: মায়ের কোলেই নিরাপদে থাকার কথা ছিল মাত্র দুই মাসের একরত্তি শিশুর। অথচ বাড়ির পাশের পুকুর থেকে উদ্ধার হল সেই শিশুরই নিথর দেহ। প্রথমে শিশুর নিখোঁজ হওয়া এবং পরবর্তীতে পুকুর থেকে মৃতদেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ছড়িয়ে পড়ে ব্যাপক চাঞ্চল্য। তবে ঘটনার তদন্তে নেমে পুলিশের জিজ্ঞাসাবাদে উঠে আসে এক চাঞ্চল্যকর মোড়। নিজের দুই মাসের সন্তানকে খুনের অভিযোগে শিশুটির মা লাইলী বিবিকে গ্রেফতার করেছে লালগোলা থানার পুলিশ।

মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার অন্তর্গত বিলবোরাকোপড়া গ্রাম পঞ্চায়েতের বয়রা চিন্তামণি গ্রামে।

পরিবার সূত্রে জানা গিয়েছে, বুধবার সন্ধ্যায় শিশুটিকে ঘুম পাড়িয়ে শৌচালয়ে গিয়েছিলেন তার মা লাইলী বিবি। কিছুক্ষণ পর ফিরে এসে তিনি দেখতে পান, বিছানায় নেই তার দুই মাসের সন্তান। এরপরই পরিবারের সদস্যরা শিশুটির খোঁজে তল্লাশি শুরু করেন। বাড়ির আশপাশ-সহ বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজির পর রাত আনুমানিক আটটা নাগাদ বাড়ির পাশের একটি পুকুরে শিশুটিকে দেখতে পান তারা। তড়িঘড়ি শিশুটিকে উদ্ধার করে কৃষ্ণপুর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় লালগোলা থানার পুলিশ। শিশুটির মৃত্যুর প্রকৃত কারণ জানতে তদন্ত শুরু করে পুলিশ। ঘটনার পর শিশুটির মা লাইলী বিবিকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়। পুলিশের দাবি, জিজ্ঞাসাবাদের সময় নিজের সন্তানকে খুনের কথা স্বীকার করেছেন তিনি। এরপরই তাকে গ্রেফতার করা হয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় দু'বছর আগে একই গ্রামের বাসিন্দা আকাশ শেখের সঙ্গে প্রেমের সম্পর্কের সূত্রে বিবাহবন্ধনে আবদ্ধ হন লাইলী বিবি। ঘটনার সময় তিনি নিজের মায়ের বাড়িতে ছিলেন। অন্যদিকে, তার শ্বশুরবাড়ির পরিবারের সদস্যরা চিকিৎসার কারণে কলকাতায় থাকায় বাড়িতে উপস্থিত ছিলেন না বলে জানা গিয়েছে।

তবে মাত্র দুই মাসের শিশুর এমন মর্মান্তিক মৃত্যুর নেপথ্যে ঠিক কী কারণ রয়েছে, তা নিয়ে ইতিমধ্যেই নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। কী কারণে এমন ঘটনা ঘটল? শিশুটির মৃত্যুর প্রকৃত পরিস্থিতি কী ছিল? এই ঘটনার পিছনে অন্য কোনও কারণ বা যোগসূত্র রয়েছে [illegible]

শিশুটির মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করতে ময়নাতদন্তের রিপোর্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। পাশাপাশি পুলিশের তদন্তের দিকেও তাকিয়ে রয়েছেন স্থানীয় বাসিন্দারা। একরত্তি শিশুর এমন মর্মান্তিক পরিণতিতে শোকের ছায়া নেমে এসেছে গোটা এলাকায়। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে প্রকৃত সত্য সামনে আনার দাবি জানিয়েছেন এলাকাবাসী।

— BALAI PRAMANIK

WEATHER

পুরুলিয়ায় বৃষ্টির দাপট চলবে শনিবার পর্যন্ত, রবিবার থেকে শীতের আমেজ বাড়বে



আবহাওয়া দপ্তর আগামী দুদিন পুরুলিয়া জেলায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস দিয়েছে। শুক্রবার ও শনিবার জেলাজুড়ে মাঝারি থেকে ভারী বৃষ্টি এবং বজ্রপাতের সম্ভাবনা রয়েছে।

এই পরিস্থিতিতে সাধারণ মানুষকে নিরাপদ আশ্রয়ে থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

রবিবার থেকে আকাশ পরিষ্কার হতে শুরু করবে এবং তাপমাত্রা ধীরে ধীরে কমবে।

আগামী সপ্তাহের বৃহস্পতিবার নাগাদ জেলার সর্বনিম্ন তাপমাত্রা ১৪ ডিগ্রি সেলসিয়াসে নেমে শীতের আমেজ আরও জোরালো হবে।

— Soumitra Paul

CRIME

বাঘমুন্ডিতে স্কুলের ১০০ মিটারের মধ্যে নেশাদ্রব্য বিক্রি নিষিদ্ধে পুলিশ অভিযান



পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার বাঘমুন্ডি ব্লকে স্থানীয় বিদ্যালয়ের ১০০ মিটারের মধ্যে নেশাদ্রব্য বিক্রি নিষিদ্ধ করার নির্দেশনা অনুসরণে পুলিশ বিশেষ অভিযান চালায়।

অভিযানের মূল লক্ষ্য ছিল স্কুলের আশেপাশে মাদক বিক্রির সম্ভাব্য চেইন ভাঙা এবং শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা।

পুলিশ কর্মকর্তারা জানিয়েছেন, নেশাদ্রব্যের বিক্রি ও সরবরাহে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে এবং আইন অনুসারে শাস্তি আরোপ করা হবে।

স্থানীয় প্রশাসনও এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেছে, ভবিষ্যতে এমন নিষেধাজ্ঞা কার্যকর রাখতে সমন্বিত পর্যবেক্ষণ ব্যবস্থা গড়ে তোলা হবে।

— Soumitra Paul

POLITICS

বসিরহাটে ২১ জন তৃণমূল কংগ্রেস সদস্যের NCPI তে যোগদান, রাজনৈতিক সমীকরণে পরিবর্তন



বসিরহাট, কুডালিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান সাহারাপ মন্ডলসহ ২১ জন তৃণমূল কংগ্রেস সদস্য মন্টু হাজীর নেতৃত্বে ন্যাশনাল কনস্টিটিউশন পার্টি (NCPI)-তে যোগদান করেছেন।

এই যোগদান বসিরহাট ১ নং ব্লকের সব পঞ্চায়েতের সদস্য ও প্রধানদের মধ্যে ঘটেছে, যা এলাকার রাজনৈতিক সমীকরণে নতুন গতিপথ তৈরি করতে পারে।

বিশ্লেষকরা বলছেন, এই পরিবর্তন দক্ষিণ বসিরহাটে বিদ্যমান রাজনৈতিক শক্তির ভারসাম্যকে বদলে দিতে পারে এবং আসন্ন নির্বাচনে প্রভাব ফেলতে পারে।

তৃণমূল কংগ্রেসের স্থানীয় সংগঠন এখন NCPI-র অধীনে পুনর্গঠন হবে, এবং নতুন কৌশলগত পরিকল্পনা তৈরি করা হবে।

— Abhijit Mondal

কলকাতা মেডিকেল কলেজে নকশাল পন্থি ছাত্র সংগঠনের সাথে গন্ডগোলের পর রাষ্টবাদী সংগঠন জারি করল প্রেস বিজ্ঞপ্তি



আজ পশ্চিমবঙ্গের রাষ্টবাদী সংগঠন কলকাতা মেডিকেল কলেজে নকশাল পন্থি ছাত্র সংগঠনের সাথে সাম্প্রতিক গন্ডগোলের পর একটি প্রেস বিজ্ঞপ্তি জারি করেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, কয়েক দিন আগে নকশাল পন্থি ছাত্র সংগঠনের সাথে কলেজে একটি গন্ডগোল হয়েছিল।

সংগঠনটি বিজ্ঞপ্তিতে তাদের অবস্থান প্রকাশ করেছে এবং ঘটনাটির বিষয়ে তাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছে।

— Subrata banerjee, Kolkata

অকাল বৃষ্টির জেরে চিন্তিত আলু চাষিরা।



টাকা খরচ করেছেন। কিন্তু প্রকৃতির খেলার উপরে করো হাত নেই ।তাই এই 5 দিনের টানা বৃষ্টিতে আলু চাষিরা মাথায় হাত দিয়ে । আজ তারা চিন্তিত।ভেবেছিল যে ভালো ফলন ফলিয়ে পরিবারের মুখে হাসি ফোটাবে। ঋণের বোঝা কিছুটা কমবে।কিন্তু এই অকাল বৃষ্টিতে কীকরে সেটা সম্ভব হবে সেটাই এখন তাদের চিন্তার বিষয়

— Partha Chatterjee

নদিয়ার চাকদহ থানার শিমুরালি জলযন্ত্রনায় ভুগছে



নদিয়ার চাকদহ থানার শিমুরালি পঞ্চায়েতের ৩৭/৩৮ নং পার্টের মধ্যবর্তী রাস্তা দীর্ঘ ৫০ বছরেও উন্নতি হলোনা। যদিও একবার পিচ পড়েছিলো। কিন্তু বর্ষায় জল জমে থাকাতে পিচ উঠে গিয়ে খোয়া বেরিয়ে যায়। এরপর খোয়াও উধাও হয়ে গিয়ে গর্তর উৎপত্তি হয়েছে। যার ফলে জল জমে যাচ্ছে অল্প বৃষ্টি হলেই। তাছাড়া জল বেরোনোর কোনো পথ নেই। যাওবা ড্রেন ছিলো মাটি আর আবর্জনা পরে নিকাশি ব্যবস্থা ভেঙে গেছে।

এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ, একদিকে পঞ্চায়েত স্টেশন যাওয়ার রাস্তা,আরেকটি গেছে স্টেশন ও জাতীয় সড়ক যাওয়ার রাস্তা। ছোটো ছোটো ছেলেমেয়েদের স্কুল কলেজ যেতে খুবই অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে।

— Press Correspondent

দক্ষিণ ২৪ পারগনা জেলায় বেশ কয়েকটি থানার অফিসার বদলি, তালিকা প্রকাশ পেল পশ্চিমবঙ্গ সরকার


West Bengal Police E-Mail

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে দক্ষিণ ২৪ পারগনা জেলার বেশ কয়েকটি থানার অফিসারদের বদলি সংক্রান্ত তালিকা প্রকাশিত হয়েছে।

তালিকায় সংশ্লিষ্ট থানাগুলোর নাম ও বদলি হওয়া কর্মকর্তাদের পদবী উল্লেখ রয়েছে।

নি

এই বদলি ব্যবস্থা প্রশাসনিক রোস্টার পরিবর্তনের অংশ হিসেবে করা হয়েছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা নতুন দায়িত্বে নিয়োজিত হবেন।

বদলি সংক্রান্ত আরও বিশদ তথ্য সরকারী নোটিশে প্রকাশের অপেক্ষায় রয়েছে।

— Subrata banerjee

WEATHER

ঘূর্ণিঝড় আকভানের প্রভাবে পুরুলিয়ায় বৃষ্টির তীব্রতা, জনজীবন ও ব্যবসা ব্যাহত



ঘূর্ণিঝড় ‘আকভান’এর তীব্র প্রভাবে পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলায় আজ ভারী বৃষ্টিপাত হয়েছে। বৃষ্টির তীব্রতা এলাকায় দ্রুত জলস্রোত সৃষ্টি করে, যা স্থানীয় পরিবহন ও চলাচলকে কঠিন করে তুলেছে।

বৃষ্টির ফলে জনজীবন ব্যাপকভাবে ব্যাহত হয়েছে; বাস, গাড়ি ও অন্যান্য যানবাহন চলাচলে সমস্যার মুখোমুখি হয়েছে। একই সঙ্গে, বাজার ও দোকানগুলোর ব্যবসায়িক কাজকর্মে উল্লেখযোগ্য ধীরগতি দেখা গেছে।

অধিকাংশ বাসিন্দা বৃষ্টির কারণে দৈনন্দিন কাজকর্মে বাধা পেয়ে অসুবিধা অনুভব করছেন, তবে কোনো বড় আঘাত বা সম্পত্তি ক্ষতির তথ্য এখনো প্রকাশিত হয়নি।

— Soumitra Paul

৪ বছর পরেও স্মৃতিতে অমলিন ঐন্দ্রিলা, মেয়ের স্মরণে মানবসেবায় সামিল বাবা-মা



৪ বছর পরেও স্মৃতিতে অমলিন ঐন্দ্রিলা, মেয়ের স্মরণে মানবসেবায় সামিল বাবা-মা

প্রয়াত অভিনেত্রীর স্মৃতিতে পাঁচগ্রামে শীতবস্ত্র বিতরণ, মেয়ের ছবির সামনে অশ্রুসিক্ত মা শিখা শর্মা

গিয়েছে চারটি বছর। বদলেছে ক্যালেন্ডারের পাতা, পেরিয়ে গিয়েছে অসংখ্য দিন। কিন্তু কিছু মানুষের স্মৃতি সময়ের সঙ্গে কখনও ফিকে হয় না। বিশেষ করে যে মানুষটি অল্প বয়সেই নিজের অভিনয় প্রতিভা ও প্রাণবন্ত উপস্থিতির মাধ্যমে জয় করে নিয়েছিলেন হাজার হাজার মানুষের হৃদয়, তার অনুপস্থিতি আজও গভীরভাবে অনুভব করেন পরিবার থেকে শুরু করে অসংখ্য অনুরাগী। তিনি বাংলা টেলিভিশন জগতের পরিচিত মুখ, প্রয়াত অভিনেত্রী ঐন্দ্রিলা শর্মা।

১৯৯৮ সালের ৫ই ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন ঐন্দ্রিলা। খুব অল্প সময়ের মধ্যেই নিজের অভিনয় দক্ষতার মাধ্যমে বাংলা টেলিভিশন জগতে বিশেষ পরিচিতি লাভ করেছিলেন তিনি। সান বাংলার জনপ্রিয় ধারাবাহিক ‘জিয়ন কাঠি’-তে অভিনয়ের মাধ্যমে দর্শকদের কাছে বিশেষভাবে পরিচিত হয়ে ওঠেন। পাশাপাশি ‘লাভ কেফ’ ঝুমুর ,, জীবন জ্যোতি ,, শেষ থেকে শুরু " জী বাংলা অরিজিনাল এ " চোরে চোরে মাসতুতো ভাই " " মিত্তির পাড়ার মারাদোনা " ভোলেবাবা পার করে গা , ওয়েব সিরিজ " ভাগাড় " এ ছাড়া অনেক বার " দিদি নম্বর 1" " দাদাগিরি " তেও উইনার হয়েছিলেন এবং ‘আমি দিদি নং ওয়ান’-এর মতো টেলিফিল্মেও তার অভিনয় দর্শকদের নজর কেড়েছিল।

কিন্তু অদৃষ্টের নির্মম পরিহাসে মাত্র ২৪ বছর বয়সেই থেমে যায় তার জীবনের পথচলা। ২০২২ সালের ২০শে নভেম্বর দুপুর ১২টা ৫৯ মিনিটে হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে শেষনিঃশ্বাস ত্যাগ করেন এই প্রতিভাবান অভিনেত্রী। দেখতে দেখতে আজ, ২০২৬ সালের ২০শে নভেম্বর, তার প্রয়াণের চার বছর পূর্ণ হলো। কিন্তু সময় যতই এগিয়ে যাক, পরিবারের কাছে তাদের আদরের মেয়েকে হারানোর যন্ত্রণা আজও একই রকম।

মেয়ের স্মৃতিকে অমলিন করে রাখতে এবং তার প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে গত বছরের মতো এবারও এক মানবিক উদ্যোগ গ্রহণ করলেন ঐন্দ্রিলার বাবা উত্তম শর্মা ও মা শিখা শর্মা। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অন্তর্গত পাঁচগ্রামে আয়োজন করা হয় অসহায়, দরিদ্র ও প্রবীণ মানুষদের মধ্যে শীতবস্ত্র বিতরণ কর্মসূচি।

শীতের আগমনে যাদের কাছে একটি গরম পোশাকও অনেক বড় প্রাপ্তি, সেই সমস্ত মানুষের হাতে নিজেরাই শীতবস্ত্র তুলে দেন ঐন্দ্রিলার বাবা-মা। তাদের এই উদ্যোগে ধরা পড়ে মেয়ের স্মৃতিকে মানুষের সেবার মধ্য দিয়ে বাঁচিয়ে রাখার এক অনন্য প্রয়াস।

তবে শীতবস্ত্র বিতরণ কর্মসূচি শুরুর আগে পরিবেশ হয়ে ওঠে অত্যন্ত আবেগঘন। প্রথমে প্রয়াত অভিনেত্রী ঐন্দ্রিলা শর্মার ছবিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হয়। ছবির সামনে রাখা হয় জল ও মিষ্টি। পরিবারের আদরের ছোট মেয়েকে স্মরণ করে নীরবে শ্রদ্ধা জানান উপস্থিত সকলে।

সেই সময়ই এক হৃদয়বিদারক দৃশ্যের সাক্ষী হন উপস্থিত মানুষজন। মেয়ের ছবির সামনে জোর হাত করে দাঁড়িয়ে ছিলেন মা শিখা শর্মা। চোখের জল কিছুতেই ধরে রাখতে পারছিলেন না তিনি। চার বছর আগে যে সন্তানকে হারিয়েছেন, তার স্মৃতি যেন আজও প্রতিটি মুহূর্তে মায়ের হৃদয়ে জীবন্ত। মেয়ের ছবির দিকে তাকিয়ে অশ্রুসিক্ত হয়ে পড়েন তিনি। মায়ের এই অসহায় কান্না দেখে উপস্থিত সকলের চোখও ভিজে ওঠে। মুহূর্তের মধ্যেই আবেগে ভারী হয়ে ওঠে গোটা পরিবেশ।

সন্তান হারানোর যন্ত্রণা যে কতটা গভীর, তা হয়তো ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। সময় অনেক কিছু বদলে দিতে পারে, অনেক ক্ষত কিছুটা মলমও দিতে পারে, কিন্তু সন্তানের শূন্যতা একজন মা-বাবার জীবনে যে কতটা গভীর হয়ে থাকে, সেই দৃশ্য যেন আরও একবার মনে করিয়ে দিল পাঁচগ্রামের এই আবেগঘন মুহূর্ত।

বড় অংশ কেটেছে এই পাঁচগ্রামেই। বাবার কর্মসূত্রে ছোটবেলা থেকে বেড়ে ওঠার অনেকটা সময় তিনি কাটিয়েছিলেন এই এলাকার মাটিতে। সেই সূত্রেই পাঁচগ্রামের সঙ্গে তার সম্পর্ক ছিল অত্যন্ত নিবিড়। এলাকার মানুষের কাছেও তিনি ছিলেন ঘরের মেয়ের মতো আপনজন। তাই তার প্রয়াণের চার বছর পরেও এলাকার মানুষের হৃদয়ে তার স্মৃতি আজও অমলিন।

শুধু স্মৃতিচারণ নয়, মেয়ের প্রতি ভালোবাসাকে মানুষের কল্যাণে উৎসর্গ করেই যেন এগিয়ে চলেছেন উত্তম শর্মা ও শিখা শর্মা। প্রিয়জনকে স্মরণ করার এমন মানবিক উদ্যোগ নিঃসন্দেহে সমাজের কাছে এক সুন্দর বার্তা বহন করে। কারণ কোনও মানুষকে ভালোবাসার অন্যতম শ্রেষ্ঠ উপায় হলো তার আদর্শ, স্মৃতি ও মানবিকতাকে বাঁচিয়ে রাখা।

ঐন্দ্রিলা আজ আর আমাদের মধ্যে শারীরিকভাবে উপস্থিত নেই। তার কণ্ঠস্বর আর শোনা যাবে না, নতুন কোনও চরিত্রে তাকে অভিনয় করতেও দেখা যাবে না। কিন্তু পরিবারের ভালোবাসা, অনুরাগীদের শ্রদ্ধা এবং মানুষের পাশে দাঁড়ানোর এমন উদ্যোগের মধ্য দিয়েই তিনি বেঁচে থাকবেন অসংখ্য মানুষের হৃদয়ে।

চার বছর পেরিয়েও ঐন্দ্রিলা শর্মা তাই শুধুই অতীতের একটি নাম নন, তিনি আজও অগণিত মানুষের আবেগ, ভালোবাসা ও স্মৃতির এক অবিচ্ছেদ্য অংশ।

প্রয়াত অভিনেত্রী ঐন্দ্রিলা শর্মার স্মৃতির প্রতি রইল বিনম্র শ্রদ্ধা। তার আত্মার চিরশান্তি কামনা করি। ভালো থেকো ঐন্দ্রিলা, যেখানেই থেকো।

— BALAI PRAMANIK

LOCAL

স্থানীয় ব্যক্তির দারুন বার্তা



স্থানীয় একজন ব্যক্তি সম্প্রতি দারুন বার্তা দিলেন, যা উপস্থিত শ্রোতাদের মনোযোগ আকর্ষণ করেছে।

বক্তা তার বার্তায় ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও প্রেরণাদায়ক চিন্তাধারা তুলে ধরেছেন, যা সমাজের বিভিন্ন স্তরে ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

এই বার্তা স্থানীয় সম্প্রদায়ের মধ্যে ইতিবাচক আলোচনার সূচনা করেছে এবং ভবিষ্যতে আরও সমন্বিত উদ্যোগের প্রেরণা হিসেবে কাজ করবে।

— SANJIB KUMAR ROY

POLITICS

রাজ্য সভাপতি কী বললেন?



রাজ্য সভাপতি সম্প্রতি একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করে বক্তব্য রাখেন।

তবে তিনি কী বললেন, তা স্পষ্টভাবে প্রকাশিত হয়নি।

এই বিষয়টি জনমত ও মিডিয়ার দৃষ্টি আকর্ষণ করেছে।

— SANJIB KUMAR ROY

সাফল্য।অবশেষে গ্রেফতার মগরা অঞ্চলের কুখ্যাত তোলাবাজ রাজু গুপ্তা।



পুলিশ সূত্রে জানা গিয়েছে, গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে গভীর রাতে অভিযান চালিয়ে অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। ধৃতকে চুঁচুড়া আদালতে পেশ করা হয়েছে। জানা যাচ্ছে, তোলাবাজি-সহ একাধিক মামলায় তার নাম জড়িত রয়েছে।

উল্লেখ্য, গত ১ নভেম্বর হুগলি গ্রামীণ পুলিশের সুপার কুনওয়ার ভূষণ সিং মগরা থানায় এক সাংবাদিক বৈঠক করে জানিয়েছিলেন, তোলাবাজি-সহ একাধিক মামলায় চারজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের কাছ থেকে দুটি ৭ এমএম পিস্তল, ১০ রাউন্ড কার্তুজ এবং নগদ ৪ লক্ষ টাকা উদ্ধার করা হয়েছিল।

সেই সময় পুলিশ এই ঘটনার সঙ্গে আরও বেশ কয়েকজনের জড়িত থাকার সম্ভাবনার কথাও জানিয়েছিল। সেই ঘটনার তদন্তে নেমেই এবার রাজু গুপ্তকে গ্রেফতার করল পুলিশ।

বর্তমানে গোটা ঘটনার তদন্ত চালাচ্ছে পুলিশ। এই ঘটনায় আগামী দিনে আরও গ্রেফতারির সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

— Partha Chatterjee

16ই অক্টোবরের ত্রিবেণী অঞ্চলের 13 নম্বর ওয়ার্ডের প্রতিনিধি নমিতা রজকের গায়ে হাত ও সোনার হার ছেঁড়ার অভিযোগে অবশেষে গ্রেফতার সৌরভ ভট্টাচার্যের।



16 ই অক্টোবর ত্রিবেণী অঞ্চলের 13 নম্বর ওয়ার্ডের প্রতিনিধি নমিতা রাজাকের গায়ে হাত দেবার ও সোনার চেন ছেঁড়ার জন্য সৌরভ ভট্টাচার্যের নামে মগরা পুলিশ স্টেশনে এফআইয়ার করা হয়। অবশেষে আজ অভিযুক্তকে গ্রেফতার করাহয়। 16ই অক্টোবরের এই ঘটনায় সমস্ত সংবাদ মাধ্যম ঐকান্তিক সহযোগিতায় একটি বড় সাফল্য অর্জিত হলো।

— Partha Chatterjee

ধুম মানবাজারে



শীতের শুরুতে খেজুরের রস সংগ্রহ ও গুড় তৈরির ধুম পড়ে গেছে পুরুলিয়া জেলা জুড়ে।পাশাপাশি শীত পড়তেই পুরুলিয়ার মানবাজার এলাকায় চলছে খেজুর গুড় তৈরির কাজ।প্রতিদিন গাছিরা খেজুরগাছ থেকে রস সংগ্রহ করে তা থেকে তৈরি করছেন সুস্বাদু গুড়। জানা যায়, প্রথমে খেজুর গাছের উপরের অংশের কিছুটা ছাল ছাড়িয়ে তাতে মাটির হাঁড়ি বেঁধে দেওয়া হয় । তারপর সেখান থেকে রস চুঁইয়ে ওই হাঁড়িতে পড়ে। এরপর সেই হাঁড়ি নামিয়ে এনে বড় উনুনে জমা রস ফুটিয়ে তা থেকে গুড় তৈরি করা হয় । জানা যায়, এখানে খেজুর গুড় পাইকারি প্রতি কেজি ১০০ টাকা, খুচরা ১৫০ টাকা, পাটালী ২৫০ থেকে ৩০০ টাকার মধ্যে বিক্রি হচ্ছে। এবিষয়ে কুতুব উদ্দিন মন্ডল বলেন, আমরা স্বাস্থ্যসম্মতভাবে প্রতিদিন গুড় উৎপাদন করছি।শীত মৌসুমে খেজুরের গুড় আমাদের অঞ্চলের অর্থনীতিতে বড় অবদান রাখে। পাশাপাশি আধুনিক পদ্ধতি ও প্রশিক্ষণের সুযোগ পেলে গাছিরা আরো বেশি লাভবান হতে পারবেন বলে জানান তিনি।

— Amaresh Dutta

ঘূর্ণিঝড় আকভানের প্রভাব, দক্ষিণবঙ্গে দুর্যোগের আশঙ্কা! পুরুলিয়ায় ভারী বৃষ্টির সতর্কতা



বঙ্গোপসাগরে ক্রমশ শক্তি বাড়াচ্ছে ঘূর্ণিঝড় আকভান। এই ঘূর্ণিঝড়ের সম্ভাব্য প্রভাব ঘিরে ওড়িশা, অন্ধ্রপ্রদেশ-সহ উপকূলবর্তী রাজ্যগুলিতে জারি করা হয়েছে সতর্কতা। আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামী ২০ নভেম্বর দুপুর নাগাদ উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশার উপকূলবর্তী এলাকায় আছড়ে পড়তে পারে ঘূর্ণিঝড়। আকভান স্থলভাগের দিকে এগিয়ে আসছে। তার ফলে বৃহস্পতিবার ভোর থেকেই কলকাতা সহ অন্যান্য জেলাগুলিতে বৃষ্টি শুরু হয়েছে। একই অবস্থা দক্ষিণবঙ্গের অন্য জেলাগুলিতেও। দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে কমলা সতর্কতা ছাড়া বাকি সব জেলার জন্য রয়েছে হলুদ সতর্কতা। শুক্রবার দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়ার জন্য কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। এছাড়া পুরুলিয়া সহ দক্ষিণবঙ্গের বাকি সব জেলার জন্য হলুদ সতর্কতা জারি হয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাভাস মত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শনিবারের জন্যও হলুদ সতর্কতা থাকছে। অনেক জায়গায় বজ্র বিদ্যুৎসহ বৃষ্টি হতে পারে। বৃহস্পতিবার থেকে শনিবার পর্যন্ত ঝোড়ো হাওয়ার পূর্বাভাসও রয়েছে। তবে রবিবার থেকে বৃষ্টির দাপট কমতে শুরু করবে বলেই মনে করছেন আবহবিদেরা। উত্তরবঙ্গের জেলাগুলিতে দক্ষিণবঙ্গের মত বৃষ্টি না হলেও হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হবে।

— Amaresh Dutta

বসিরহাটের ময়লাখোলা মোড়ে মন্দিরের পাশে অগ্নিকাণ্ড, শোর্ট সার্কিটের সম্ভাবনা



বসিরহাটের ময়লাখোলা মোড়ে মন্দিরের পাশে অগ্নিকাণ্ড ঘটেছে, আগুনের সঠিক কারণ এখনও নিশ্চিত নয়, তবে প্রাথমিক ধারণা শর্ট সার্কিট থেকে শুরু হতে পারে।

অগ্নিকাণ্ড দ্রুত নিয়ন্ত্রণে আনা হয়েছে, ফায়ার সার্ভিসের হস্তক্ষেপে বড় ধরনের ক্ষতি রোধ করা হয়েছে। কোনো প্রাণহানি বা গুরুতর আঘাতের খবর পাওয়া যায়নি।

স্থানীয় পুলিশ ও পৌরসভার কর্মকর্তারা ঘটনাস্থল সমীক্ষা চালিয়ে তদন্ত শুরু করেছেন এবং সম্ভাব্য বৈদ্যুতিক ত্রুটি বা অন্য কোনো কারণ নির্ণয়ের জন্য প্রাসঙ্গিক সংস্থার সহায়তা নিচ্ছেন।

সম্প্রদায়ের উদ্বেগ কমাতে মন্দির ও আশেপাশের দোকানগুলো সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে, এবং নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার নির্দেশ দেওয়া হয়েছে।

— Abhijit Mondal

NATIONAL

ঝাঁসির রানি লক্ষ্মীবাঈর জন্মজয়ন্তীতে জাতীয় শ্রদ্ধাঞ্জলি



বীরত্ব, আত্মত্যাগ ও দেশপ্রেমের অনন্য প্রতীক, ভারতের স্বাধীনতা সংগ্রামের অগ্নিকন্যা ঝাঁসির রানি লক্ষ্মীবাঈর জন্মজয়ন্তীতে জাতীয় স্তরে শ্রদ্ধা জানানো হয়েছে।

লক্ষ্মীবাঈ, উনিশ শতকের শেষের দিকে ঝাঁসির রাণী হিসেবে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বিদ্রোহের নেতৃত্ব দিয়ে ভারতীয় স্বাধীনতা আন্দোলনের মেরুদণ্ডে এক উজ্জ্বল অধ্যায় রচনা করেন। তার বীরত্ব ও আত্মত্যাগ আজও দেশপ্রেমের আদর্শ হিসেবে বিবেচিত হয়।

জন্মজয়ন্তীর এই উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক ও ঐতিহাসিক অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা রাণীর স্মৃতিকে সম্মান জানিয়ে দেশপ্রেমের উজ্জ্বল জ্বালানি জ্বালিয়ে চলেছেন।

— Soumitra Paul

ফের মধুচক্রের অভিযোগে চাঞ্চল্য মুর্শিদাবাদে! মতিঝিলের হোটেল বালাজিতে পুলিশের অভিযান, আটক ৮



ফের মধুচক্রের অভিযোগে চাঞ্চল্য মুর্শিদাবাদে! মতিঝিলের হোটেল বালাজিতে পুলিশের অভিযান, আটক ৮

মুর্শিদাবাদ : ঐতিহাসিক মুর্শিদাবাদ শহর। একদিকে ইতিহাস, ঐতিহ্য, পর্যটন। অন্যদিকে শহরেরই একটি হোটেলকে ঘিরে এবার উঠল মধুচক্র চালানোর অভিযোগ। আর সেই অভিযোগের সূত্র ধরেই কি বড়সড় পদক্ষেপ পুলিশের? মতিঝিলের হোটেল বালাজিতে অভিযান চালিয়ে পাঁচ মহিলা ও তিন পুরুষ-সহ মোট আটজনকে আটক করল মুর্শিদাবাদ থানার পুলিশ। নেতৃত্বে থানার আইসি অনিরুদ্ধ বাগ। ঘটনাকে ঘিরে ইতিমধ্যেই এলাকায় ছড়িয়েছে চাঞ্চল্য।

মতিঝিল এলাকা। সেখানকার হোটেল বালাজিতে পুলিশের বিশেষ অভিযান। মুর্শিদাবাদ থানার আইসি অনিরুদ্ধ বাগের নেতৃত্বে পরিচালিত এই অভিযানে উপস্থিত ছিলেন টাউনবাবু এমডি জালালুদ্দিন আহমেদ, মহিলা সাব-ইনস্পেক্টর কোয়েল দত্ত-সহ পুলিশের অন্যান্য আধিকারিকরা।

অভিযানে পাঁচ মহিলা ও তিন পুরুষকে আটক করা হয়েছে বলে জানা গিয়েছে। তবে ঠিক কী কারণে তাঁদের আটক করা হয়েছে, সেই বিষয়ে পুলিশের বিস্তারিত আনুষ্ঠানিক বক্তব্য এখনও সামনে আসেনি।

ঐতিহাসিক মুর্শিদাবাদ শহরের ভাবমূর্তি রক্ষায় এবার কি আরও কঠোর হবে পুলিশি নজরদারি? পর্যটন ও ঐতিহ্যের শহরে এ ধরনের অভিযোগের পুনরাবৃত্তি রুখতে কী পদক্ষেপ করে প্রশাসন, এখন সেদিকেই নজর।

তবে অভিযুক্তদের বিরুদ্ধে ওঠা অভিযোগের সত্যতা তদন্তের পরই স্পষ্ট হবে। পুলিশের পরবর্তী পদক্ষেপ এবং আনুষ্ঠানিক বক্তব্যের দিকেই এখন তাকিয়ে রয়েছে গোটা শহর।

— BALAI PRAMANIK

WEATHER

অগফান সাইক্লোনের প্রভাব পশ্চিমবঙ্গে, উড়িষ্যা থেকে আসা তীব্র ঝড়



উড়িষ্যা উপকূলে গঠিত অগফান নামের সাইক্লোন আজ পশ্চিমবঙ্গে প্রবেশ করেছে, যা মেঘলা আকাশ, তীব্র বৃষ্টিপাত এবং প্রবল বাতাসের কারণ হয়ে দাঁড়িয়েছে।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা ও শহরে বৃষ্টিপাতের পরিমাণ বাড়ার সম্ভাবনা রয়েছে, ফলে সড়ক জ্যাম, বন্যা ও বিদ্যুৎ বিচ্ছিন্নতার ঝুঁকি বাড়ছে।

স্থানীয় প্রশাসন ও মেটেরোলজিক্যাল ডিপার্টমেন্ট জরুরি সতর্কতা জারি করেছে এবং জনগণকে বাড়িতে থাকবার, নিরাপদ স্থানে আশ্রয় নেওয়ার নির্দেশ দিয়েছে।

— DIBYENDU BANERJEE, Howrah

রক্তের অভাবে ৯ দিন ধরে আটকে অস্ত্রোপচার! অবশেষে মানবিক উদ্যোগে রক্তদান সাংবাদিক জাকির সেখের



রক্তের অভাবে ৯ দিন ধরে আটকে অস্ত্রোপচার! অবশেষে মানবিক উদ্যোগে রক্তদান সাংবাদিক জাকির সেখের

বহরমপুর, মুর্শিদাবাদ : মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রক্তের অভাবে প্রায় ৯ দিন ধরে আটকে ছিল এক মহিলার অস্ত্রোপচার। প্রয়োজন ছিল বি নেগেটিভ (B-) গ্রুপের রক্ত। কিন্তু বহু চেষ্টা করেও মেলেনি প্রয়োজনীয় রক্ত। ফলে অস্ত্রোপচার নিয়ে তৈরি হয়েছিল অনিশ্চয়তা। স্বাভাবিকভাবেই উদ্বেগ আর দুশ্চিন্তায় দিন কাটছিল রোগীর পরিবারের সদস্যদের।

অবশেষে এই পরিস্থিতিতে মানবিকতার পরিচয় দিয়ে এগিয়ে এলেন সাংবাদিক জাকির সেখ। রুকুনপুর সোশ্যাল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান মুফতি জায়দুল সেখের মাধ্যমে বিষয়টি তার নজরে আসে। এরপর আর সময় নষ্ট না করে বৃহস্পতিবার সন্ধ্যায় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পৌঁছে প্রয়োজনীয় বি নেগেটিভ (B-) গ্রুপের রক্তদান করেন তিনি।

মধ্যে থাকা রোগীর পরিবারের সদস্যরা কিছুটা স্বস্তি পান। সাংবাদিকতার পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা ও মানবিকতার পরিচয় দিয়ে প্রশংসা কুড়িয়েছেন জাকির সেখ।

আসলে রক্তের কোনও বিকল্প নেই। একজন মানুষের সামান্য উদ্যোগও অন্য একজনের জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। রক্তদানের মাধ্যমে সেই মানবিক বার্তাই তুলে ধরলেন সাংবাদিক জাকির সেখ। তার এই উদ্যোগ নিঃসন্দেহে সমাজের আরও মানুষকে স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসতে উৎসাহিত করবে।

— BALAI PRAMANIK

উৎসবের আনন্দের মাঝেই শোকের ছায়া! বেলডাঙায় কার্তিক লড়াই দেখতে এসে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু ৬৫ বছরের কাঠমিস্ত্রির



উৎসবের আনন্দের মাঝেই শোকের ছায়া! বেলডাঙায় কার্তিক লড়াই দেখতে এসে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু ৬৫ বছরের কাঠমিস্ত্রির

মুর্শিদাবাদের বেলডাঙায় ঐতিহ্যবাহী কার্তিক লড়াইয়ের উৎসবের মাঝেই নেমে এল শোকের ছায়া। কার্তিক লড়াই দেখতে এসে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হল ৬৫ বছর বয়সি এক ব্যক্তির। মৃতের নাম নারায়ণ চন্দ্র দাস। তিনি বেলডাঙার ছুতরপাড়া এলাকার বাসিন্দা এবং পেশায় একজন কাঠমিস্ত্রি ছিলেন।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গতকাল বেলডাঙার ঐতিহ্যবাহী কার্তিক লড়াই দেখতে গিয়েছিলেন নারায়ণ চন্দ্র দাস। সেই সময় বিকেল আনুমানিক সাড়ে তিনটে নাগাদ আচমকাই হৃদরোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি। মুহূর্তের মধ্যেই উৎসবের আনন্দের পরিবেশে ছড়িয়ে পড়ে চাঞ্চল্য।

স্থানীয়দের তৎপরতায় তড়িঘড়ি তাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় বেলডাঙা গ্রামীণ হাসপাতালে। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার জন্য মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে স্থানান্তরের ব্যবস্থা করা হয়। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে হাসপাতালে পৌঁছনোর আগেই পথেই মৃত্যু হয় তার।

একদিকে যখন ঢাক-ঢোলের তালে কার্তিক লড়াই ঘিরে উৎসবের আনন্দে মেতে উঠেছিলেন হাজার হাজার মানুষ, ঠিক সেই সময় এমন মর্মান্তিক ঘটনায় শোকের আবহ তৈরি হয় এলাকাজুড়ে।

নারায়ণ চন্দ্র দাসের আকস্মিক মৃত্যুতে শোকস্তব্ধ তার পরিবার ও প্রতিবেশীরা। উৎসবের আনন্দের মাঝেই একটি পরিবারে নেমে এল গভীর শোকের ছায়া।

— BALAI PRAMANIK

ঢাক-ঢোলের তালে জমজমাট বেলডাঙার ঐতিহ্যবাহী কার্তিক লড়াই! দ্বিতীয় দিনেও নানা দেবদেবীর প্রতিমা নিয়ে নজরকাড়া পরিবেশনা, উৎসবের আমেজে মাতোয়ারা শহর



ঢাক-ঢোলের তালে জমজমাট বেলডাঙার ঐতিহ্যবাহী কার্তিক লড়াই! দ্বিতীয় দিনেও নানা দেবদেবীর প্রতিমা নিয়ে নজরকাড়া পরিবেশনা, উৎসবের আমেজে মাতোয়ারা শহর

বেলডাঙা মানেই ঐতিহ্য, সংস্কৃতি আর উৎসবের এক অনন্য মেলবন্ধন। আর এই ঐতিহ্যের অন্যতম আকর্ষণ হলো বেলডাঙার বিখ্যাত কার্তিক লড়াই। ঢাক-ঢোল, ঝাঁঝ, ডমরু ও ক্যাসিওর তালে তালে নানা দেবদেবীর প্রতিমা নিয়ে এই লড়াই দেখতে প্রতি বছরই ভিড় জমান অসংখ্য মানুষ।

গত ১৮ ই নভেম্বর বুধবার থেকে শুরু হয়েছে বেলডাঙার ঐতিহ্যবাহী কার্তিক লড়াই। প্রথম দিন ছাপাখানা বাজার চত্বরজুড়ে এই উৎসব অনুষ্ঠিত হওয়ার পর, ১৯ শে নভেম্বর বৃহস্পতিবার দ্বিতীয় দিনে বিকেল থেকে বেগুনবাড়ির আন্ডিরণ এলাকায় শুরু হয় বর্ণাঢ্য কার্তিক লড়াই।

দ্বিতীয় দিনেও বিভিন্ন পুজো উদ্যোক্তারা নানা দেবদেবীর প্রতিমা নিয়ে অংশগ্রহণ করেন এই উৎসবে। বুড়ো শিব, শিব-দুর্গা, গণেশ, কার্তিক, রাম, ভারতমাতা থেকে শুরু করে হনুমান—বিভিন্ন প্রতিমার উপস্থিতিতে উৎসবের আবহ হয়ে ওঠে আরও আকর্ষণীয়।

এদিন অধিকাংশ প্রতিমাই বাঁশের মাচান তৈরি করে কাঁধে করে বহন করে নিয়ে যাওয়া হয়। আন্ডিরণ থেকে দক্ষিণপাড়া এবং দক্ষিণপাড়া থেকে পুনরায় আন্ডিরণ পর্যন্ত চলে এই বর্ণাঢ্য শোভাযাত্রা ও কার্তিক লড়াই। ঢাক, ঢোল, ঝাঁঝ, ডমরু ও ক্যাসিওর তালে তালে প্রতিমাগুলির নাচ এবং বিভিন্ন কৌশলী পরিবেশনা দর্শকদের নজর কাড়ে।

কোথাও ধ্বজা উড়িয়ে, কোথাও ড্রামের উপর উঠে নানা কসরত, আবার কোথাও ড্রাম ঘুরিয়ে আগুনের বিশেষ প্রদর্শনী—সব মিলিয়ে উৎসবের মঞ্চে দেখা যায় একের পর এক নজরকাড়া পরিবেশনা। বাদ্যযন্ত্রের তালে তালে প্রতিমাগুলির নাচ ও শিল্পীদের দক্ষতা কার্তিক লড়াইয়ের আকর্ষণকে আরও বাড়িয়ে তোলে।

প্রথম দিনের তুলনায় দ্বিতীয় দিনে দর্শকদের ভিড় কিছুটা কম থাকলেও উৎসাহের কোনও খামতি ছিল না। স্থানীয়দের মতে, প্রথম দিনের লড়াই বেলডাঙা পৌরসভা এলাকার অপেক্ষাকৃত প্রশস্ত রাস্তায় অনুষ্ঠিত হলেও দ্বিতীয় দিনের লড়াই পঞ্চায়েত এলাকার তুলনামূলক সংকীর্ণ রাস্তায় হওয়ায় দর্শকদের ভিড় কিছুটা কম দেখা যায়।

এদিকে উৎসবকে কেন্দ্র করে দর্শকদের নিরাপত্তা এবং যান চলাচল স্বাভাবিক রাখতে যথেষ্ট তৎপর ছিল বেলডাঙা থানার পুলিশ। অপ্রীতিকর ঘটনা এড়াতে এবং সাধারণ মানুষের যাতায়াতে যাতে কোনও সমস্যা না হয়, সেদিকেও রাখা হয় বিশেষ নজর।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, একদিনে বিপুল জনসমাগম ও নিরাপত্তার বিষয়টি মাথায় রেখেই বিভিন্ন এলাকায় পর্যায়ক্রমে ভাগ করে আয়োজন করা হচ্ছে এই কার্তিক লড়াই।

তবে এখানেই শেষ নয়। আগামী দিনেও বেলডাঙা থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে এই ঐতিহ্যবাহী উৎসব। ধর্মীয় আবেগ, লোকসংস্কৃতি এবং মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বেলডাঙার কার্তিক লড়াই যে আজও তার নিজস্ব ঐতিহ্য ও আকর্ষণ ধরে রেখেছে, দ্বিতীয় দিনের উৎসবের ছবিতেই তা আরও একবার স্পষ্ট হয়ে উঠল।

— BALAI PRAMANIK